দৈনিক ইনকিলাব

তারিখ 2 1 MAR 1998 ... ...
পৃষ্ঠা ৭ কলাম ... ৮

168

# ক্ষুব্ধ কর্মীরা মিছিলে যায়নি
# ঢাঃ বিঃ ছাত্রদলের কমিটি বিলুপ্ত করে নতুন কমিটি গঠন ঃ ক্যাম্পাসে উত্তেজনা

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** জাতীয়তাবাদী ছাত্রদলের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার আহবায়ক কমিটি থাকা সত্ত্বেও নতুন করে সম্মেলন প্রস্তুতি কমিটি গঠনকে কেন্দ্র করে সৃষ্ট বিরোধের জের ধরে আহবায়ক কমিটি বিলুপ্ত করা হয়েছে। ছাত্রদল সভাপতি ও সাধারণ সম্পাদক গতকাল এক বিবৃতিতে এ কমিটি বিলুপ্ত করেন। একই সাথে আগে গঠিত সম্মেলন প্রস্তুতি কমিটি পরিবর্তন করে নতুন কমিটি গঠন করা হয়। শনিবার সম্মেলন প্রস্তুতি কমিটি গঠনের পর গতকাল ক্যাম্পাসে মিছিল সমাবেশের নির্ধারিত কর্মসূচীতে নেতা-কর্মীরা কেউ অংশ নেননি। বিক্ষুব্ধ কর্মীরা আহবায়ক কমিটি বহাল রেখে সম্মেলন প্রস্তুতি কমিটি গঠনের দাবী জানায়। তারা প্রস্তুতি কমিটির প্রধানকে মধুর ক্যান্টিনে লাঞ্ছিত করে। এর পর আহবায়ক কমিটি বাতিল করা হয়। ছাত্রদলের সাংগঠনিক

১১-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

## ছাত্র দল

প্রথম পৃষ্ঠার পর

সম্পাদক মনোয়ার হোসেন রানাকে আহবায়ক করে সম্মেলন প্রস্তুতি কমিটি গঠন করা হলেও কেন্দ্রীয় সহ-সভাপতি মোশারফ হোসেনকে কমিটির সদস্য বানানো হয়েছে। তার সাথে আরো ৩ জন সদস্য রয়েছে। কেন্দ্রীয় যুগ্ম সম্পাদক সাহাবুদ্দীন লাল্টু, মনির হোসেন ও নসরুল্লাহ জুনায়েদ। আহবায়ক কমিটি বিলুপ্ত করে এ নতুন কমিটি গঠন হলগুলোতে ছাত্রদল কর্মীদের মাঝে ক্ষুব্ধ প্রতিক্রিয়ার সৃষ্টি করেছে। এ কমিটি গঠনকে কেন্দ্র করে কার্যত ছাত্রদলের নেতৃত্ব দ্বিধাবিভক্ত হয়ে পড়েছে। এর মাধ্যমে ছাত্র দলের বিবদমান দু'টি গ্রুপের একটির একচেটিয়া নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা হতে চলেছে। ছাত্রদলের বর্তমান ও সাবেক কয়েকজন প্রভাবশালী নেতার মিলিত চেষ্টায় এ প্রক্রিয়া চলছে। বৃহস্পতিবার রাতে আমান উল্লাহ আমানের বাসায় এক বৈঠকে ২০ এপ্রিল ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সম্মেলন অনুষ্ঠান এবং আহবায়ক কমিটিকে তদারকি করার জন্য সম্মেলন প্রস্তুতি কমিটি গঠনের সিদ্ধান্ত হয়। শুক্রবার দলীয় কার্যালয়ে এক সভায় অনুরূপ সিদ্ধান্ত ঘোষণা করা হয়। বৃহস্পতিবার সিদ্ধান্ত অনুযায়ী শুক্রবার বহিষ্কৃত জাকির ও মামুনের বহিষ্কারাদেশ প্রত্যাহার করা হয়। তারা গত মাসে দলীয় কার্যালয়ে ছাত্রদল সভাপতি ও সাধারণ সম্পাদকের সামনে এক নেতাকে অস্ত্র ঠেকিয়ে মারধর করে। তখন তাদের বহিষ্কারের পর তারা জিয়া হল থেকে শত শত রাউন্ড গুলী ছোঁড়ে। শুক্রবার আহবায়ক কমিটির পাশাপাশি একটি সম্মেলন প্রস্তুতি কমিটি গঠনের পর গতকাল আবার আহবায়ক কমিটি বিলুপ্ত করার 'হাস্যকর' ঘটনা নেতা-কর্মীদের বিক্ষুব্ধ করে তুলেছে। এ নিয়ে ছাত্রদলের দুই গ্রুপে চরম উত্তেজনা সৃষ্টি হয়েছে। এমনকি একজন নেতার চাপে ছাত্রদল সভাপতি এ্যানি সম্মেলন প্রস্তুতি কমিটি এক দিনের মাথায় পরিবর্তন করেছেন। সেখানে সাংগঠনিক সম্পাদকের অধীনে কেন্দ্রীয় সহ-সভাপতি ও যুগ্ম সম্পাদককে সদস্য করা হয়েছে। আর তিনি এমনই সাংগঠনিক সম্পাদক যার সংগঠনের মিছিল-মিটিংসহ কর্মকাণ্ডে তেমন কোন অংশগ্রহণ নেই। তিনি ক্যাম্পাসে আসেন না, হলে থাকেন না, বাসায় বিবাহিত জীবন যাপন করছেন, ঠিকাদারী ব্যবসা করছেন। এই সকল কর্মকাণ্ডে ছাত্রদল নেতৃত্ব বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার দোহাই দিচ্ছেন। কিন্তু ক্যাম্পাসের নেতা-কর্মীরা এ সিদ্ধান্ত গ্রহণ করেননি। ছাত্রদল সাধারণ সম্পাদক সোহেল নিজেই এসব সিদ্ধান্তে নাখোশ হয়েছেন বলে জানা যায়।